# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাসিক সমন্বয় সভার

## কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| বিষয় | : | এপ্রিল/২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোসা: ফেরদৌসী বেগম।<br>চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ। |
| তারিখ ও সময় | : | ২৩/০৪/২০২৬, সকাল ১০:০০ ঘটিকায়। |
| স্থান | : | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ। |

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের এপ্রিল/২০২৬ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকলকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ), জনাব ফকির মুহাম্মদ মুনাওয়ার হোসেন আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন। মার্চ-২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কর্তৃপক্ষের সকল উইং এবং সংশ্লিষ্ট সকল দপ্তরে ডি-নথি কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থাকে ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি করতে হবে। কমপক্ষে মন্ত্রণালয়ের ২০% এবং দপ্তর সংস্থার ৭৫% নথি ডি-নথির মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী, ডি-নথি তে ৯৫% কার্যক্রমের ধারাবাহিকতা রাখতে আলোচনা করা হয়। ডি-নথিতে নিষ্পন্নকৃত নথির শতকরা হার নির্দেশিত হার থেকে যেন কম না হয় সে বিষয়ে সতর্ক ও যত্মবান হওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কর্তৃপক্ষের সকল উইং এবং সংশ্লিষ্ট সকল দপ্তরে ডি-নথির মোট নিষ্পত্তির হার ৯৫% এ রাখতে হবে। প্রত্যেক দপ্তর বা শাখা হতে কতগুলো ফাইল ডি-নথিতে নিষ্পন্ন হবে আর কতগুলো ফাইল হার্ড নথিতে সম্পন্ন হবে তা প্রোগ্রামার, কম্পিউটার সেল কে অবহিত করতে হবে। কোন দপ্তর বা শাখা ডি-নথিতে শূন্য থাকতে পারবে না মর্মে সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।<br>নির্বাহী প্রকৌশলী বা মাঠ পর্যায়ের কর্মকর্তা হতে যেসকল রিপোর্ট প্রধান কার্যালয়ে পাঠানো হয়, সেসকল রিপোর্ট এবং রিপোর্টের জবাব বাধ্যতামূলক ভাবে ডি-নথিতে প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল বিভাগ/ দপ্তর<br><br>"পরিশিষ্ট-ক" |
| ০২ | পেন্ডিং নথি/ পত্র সংক্রান্ত | (ক) <u>পেন্ডিং নথি/পত্র সংক্রান্তঃ</u><br>সকল প্রকারের পেন্ডিং নথি/পত্র তালিকাভুক্ত করতে হবে এবং দ্রুত নিষ্পত্তির জন্য শাখা অফিসার হতে উইং পর্যায়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপস্থাপিত নোটের শুরুতে পত্র প্রাপ্তির তারিখ লিখতে হবে এবং নোট এমন ভাবে উপস্থাপন করতে হবে যাতে তথ্যসমূহ বিধি সম্মত হয় ও সুবিন্যস্ত থাকে। পেন্ডিং পত্রসমূহ প্রতিমাসের ০৫(পাঁচ) তারিখের মধ্যে প্রশাসন ও প্রশিক্ষণ শাখায় প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) সকল দপ্তর/ শাখা প্রধান পেন্ডিং নথির তালিকা (ছক অনুযায়ী) প্রস্তুত করে প্রশাসন শাখায় প্রেরণ করবেন এবং অবিলম্বে পেন্ডিং নথিসমূহ দ্রুত নিষ্পত্তি করবেন। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত প্রতিমাসের ০৫(পাঁচ) তারিখের মধ্যে পুববর্তী মাসের পেন্ডিং পত্র সংখ্যা ছক অনুযায়ী প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শাখা প্রধান<br>"পরিশিষ্ট-খ" |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | বকেয়া কিস্তি/ ভাড়া সংগ্রহ সংক্রান্ত | (ক) <u>বকেয়া কিস্তি/ভাড়া আদায় সংক্রান্তঃ</u><br>বিভিন্ন প্রকল্পের প্লট কিংবা ফ্ল্যাটের ক্ষেত্রে কিস্তি আদায় ও তার তথ্যসমূহ সংরক্ষণ এবং ব্যবস্থাপনায় জটিলতা তৈরী হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে একটি Software তৈরীর বিষয়ে সকলেই একমত পোষণ করেন। সকলের মতামতের উপর ভিত্তি করে একটি কমিটি গঠনের আলোচনা হয়। | (ক) সভায় আলোচনার ভিত্তিতে পরিচালক (প্রশাসন ও অর্থ) কে সভাপতি করে বিভিন্ন প্রকল্পের প্লট কিংবা ফ্ল্যাটের ক্ষেত্রে কিস্তি আদায়ের জটিলতা নিরসনের নিমিত্ত একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটির সদস্যগণ<br>"পরিশিষ্ট-গ" |
| | | (খ) <u>অবৈধভাবে কোয়ার্টারে বসবাসকারীদের নিকট হতে বকেয়া ভাড়া আদায় ও উচ্ছেদ সংক্রান্ত:</u><br>জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ঢাকাস্থ স্টাফ কোয়ার্টারগুলোতে অবৈধভাবে বসবাসকারী ও ভাড়াটিয়াদের ৩১ মার্চ/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত কি পরিমাণ ভাড়া বকেয়া রয়েছে তার একটি তালিকা প্রস্তুত করে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। পরবর্তীতে বকেয়া ভাড়া আদায় করে উচ্ছেদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) ঢাকাস্থ স্টাফ কোয়ার্টারগুলোতে অবৈধভাবে বসবাসকারী ও ভাড়াটিয়াদের ৩১ মার্চ/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত কি পরিমাণ ভাড়া বকেয়া রয়েছে তার একটি তালিকা প্রস্তুত করে প্রশাসন শাখায় প্রেরণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে বকেয়া ভাড়া আদায়পুর্বক উচ্ছেদ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ)<br>"পরিশিষ্ট-ঘ" |
| ০৪ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের দেওয়ানী ও অন্যান্য মামলা সংক্রান্ত কার্যক্রম | (ক) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জমি সংক্রান্ত জটিলতা নিরসনে ভূমি আপীল বোর্ডে মামলা দায়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) রেকর্ড সংশোধনের জন্য ভূমি আপীল বোর্ডে মামলা দায়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) ও আইন কর্মকর্তা |
| | | (খ) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে মামলার জবাব/SF ভূমি উইং হতে দ্রুত প্রস্তুত করে উপ-পরিচালক, পরিচালক এবং সদস্য হয়ে আইন কোষে পাঠানোর বিষয়ে আলোচনা করা হয়। ১০(দশ) কর্মদিবসের মধ্যে SF দিতে হবে। সকল পেন্ডিং SF এর তালিকা সমন্বয় সভায় দাখিল করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) SF চাহিত সময়ের মধ্যে অর্থাৎ ১০(দশ) দিনের মধ্যে আইনকোষে পাঠাতে হবে। সভায় চেয়ারম্যান S.F বিষয়ে একটি প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট উইং প্রধান/ আইন কর্মকর্তা<br>"পরিশিষ্ট-ঙ" |
| | | (গ) <u>মামলা সংক্রান্তঃ</u><br>চলমান মামলা অবস্থার বিষয়ে পর্যায়ক্রমে বিভাগ/ উপ বিভাগ ও প্রশাসনিক কর্মকর্তার দপ্তর হতে তথ্য নিতে হবে। মার্চ/২০২৬ মাসে সরকারের পক্ষে এবং বিপক্ষে কোন মামলার রায় হয়নি। | (গ) নিম্ন আদালতে কোন গাফিলতির কারণে NHA এর পক্ষে রায় হয় না, এরূপ যেন না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক এবং আন্তরিক থাকার নির্দেশনা প্রদান করা হয়। গুরুতপূর্ণ মামলাগুলোর শুনানীর সময় প্রয়োজনে আইন কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলীগণ কোর্টে উপস্থিত থাকবেন। গুরুতপূর্ণ মামলাগুলোর শুনানীর সময় প্রয়োজনে আইন কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলীগণ কোর্টে উপস্থিত থাকবেন। এ বিষয় আগামী সমন্বয় সভায় চলমান সকল মামলার তথ্য আইন কর্মকর্তা উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৫ | কর্মচারীদের জন্য স্টাফ কোয়ার্টার নির্মাণ | সাম্প্রতিক সময়ে পর পর কয়েকবার ঢাকায় ভূমিকম্প আঘাত আনার কারণে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পুরাতন স্টাফ কোয়ার্টারগুলো ঝুঁকিপূর্ণ থাকায় পরিত্যক্ত ঘোষণা করা হয়। এতে করে জাগৃকের অনেক কর্মকর্তা/কর্মচারী আবাসন সংকটে পতিত হয়। কর্মকর্তা/ কর্মচারীদের সংকট নিরসনের নিমিত্ত কর্মকর্তাদের জন্য ০১ (এক)টি ১২০০ বর্গফুট এবং কর্মচারীদের জন্য ৮০০ বর্গফুট বিশিষ্ট ০২ (দুই)টি স্টাফ কোয়ার্টার নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সংকট নিরসনের নিমিত্ত কর্মকর্তাদের জন্য ০১(এক) টি ১২০০ বর্গফুট এবং কর্মচারীদের জন্য ৮০০ বর্গফুট বিশিষ্ট ০২(দুই) টি স্টাফ কোয়ার্টার নির্মাণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রকৌশল ও সমন্বয়)/ (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প) |
| ০৬ | কর্তৃপক্ষের অডিট আপত্তি | (ক) ২০২৪-২৫ অর্থ বছরের পূর্ত অডিট আপত্তির ব্রডশীট জবাব দ্রুত প্রেরণের জন্য ডিভিশনসমূহে ডিভিশনভিত্তিক অডিট আপত্তির তথ্য প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে।<br>ইতোমধ্যে ঢাকা ডিভিশন-২, চট্টগ্রাম, সিলেট খুলনা ও দিনাজপুর ডিভিশন হতে ব্রডশীট জবাব পাওয়া গেছে। ঢাকা ডিভিশন-১, মিরপুর গৃহসংস্থান-২, রাজশাহী ডিভিশন, ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা শাখা, ই/এম ডিভিশন, রাজশাহী সার্কেল, চট্টগ্রাম সার্কেল হতে অদ্যবধি ব্রডশীট জবাব দ্রুত প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) কর্তৃপক্ষের ২০২৪-২৫ অর্থ বছরের যে সকল ব্রডশীট জবাব এখনও প্রেরণ করা হয়নি তা দ্রুত প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট শাখা প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Non SFI আপত্তিসমূহের জবাব সরাসরি পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করে প্রধান কার্যালয়ে অডিট শাখায় অবহিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ)/নির্বাহী প্রকৌশলী (সকল)<br><br>"পরিশিষ্ট-চ" |
| | | (খ) কর্তৃপক্ষের বিভিন্ন ডিভিশন সমূহের অনিষ্পন্ন SFI আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজন করতে হবে। গত ২২/০২/২৬ খ্রি: তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ত্রি-পক্ষীয় সভা আয়োজনের লক্ষ্যে সভার কার্যপত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | (খ) কর্তৃপক্ষের ডিভিশন/ দপ্তর/ শাখা সমূহের অনিষ্পন্ন SFI আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার আয়োজনের প্রস্তুতি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৭ | কর্তৃপক্ষের গেজেট বহির্ভূত জমি | (ক) (i) বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মোট জমির পরিমাণ ৮৬১৬.৯৫ একর। যার মধ্যে গেজেটভুক্ত জমির পরিমাণ ৮২৩০.৬১ একর এবং দখলকৃত জমির পরিমাণ ৮৪৩১.৫২ একর। যে সকল জমি এখনো গেজেটভুক্ত হয়নি সে সকল জমি দ্রুত গেজেটভুক্ত করাসহ বেদখলকৃত কর্তৃপক্ষের দখলে আনার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) (i) গেজেট বর্হিভূত ও বেদখলকৃত জমির বিষয়ে সদস্য (ভূমি) এর সাথে নির্বাহী প্রকৌশলীগণ যোগাযোগ করবেন এবং পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করবেন। প্রতিমাসের ১০ তারিখের মধ্যে হালনাগাদ তালিকা প্রশাসন ও প্রশিক্ষণ শাখায় প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী<br><br>"পরিশিষ্ট-ছ" |
| | | (ii) হালতারিখের মধ্যে বিনা ব্যর্থতায় সারা দেশ থেকে মৌজা, উপজেলা, জেলা এবং বিভাগ উল্লেখপূর্বক জরিপের প্রস্তাব দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনেক জমি ডিজিটার সার্ভেভুক্ত হয়নি। যে সকল জায়গা-জমি ডিজিটাল সার্ভেভুক্ত করা হয়নি | (ii) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল জায়গা-জমির ডিজিটাল সার্ভে করতে হবে এবং পেন্টাগ্রাফ তৈরি করতে হবে। পেন্টাগ্রাফের রিভার্স বাজেটের জন্য ০৭(সাত) কোটি টাকার বরাদ্দ রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সে সকল জায়গা-জমি ডিজিটাল সার্ভের অন্তর্ভুক্তি এবং জাগৃকের সকল জমি পেন্ট্রাগ্রাফভুক্ত করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীদের ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। পেন্ট্রাগ্রাফ কার্যক্রমের গতি বৃদ্ধি করার জন্য সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প) কে সভাপতি করে একটি কমিটি গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে বলে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | পেন্ট্রাগ্রাফ কার্যক্রমের গতি বৃদ্ধি করার জন্য একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ)/ নির্বাহী প্রকৌশলী (সকল) |
| | | (খ) কুমিল্লা হাউজিং এস্টেটের চাঁদপুর জেলার অধিগ্রহণকৃত সম্পত্তির গেজেট প্রকাশের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর সাথে যোগাযোগ করতে হবে এবং লাকসাম হাউজিং এস্টেটের অধিগ্রহণকৃত সম্পত্তির তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভূমি অধিগ্রহণ সংক্রান্ত সার্কুলারের নির্দেশনা অনুযায়ী সকল ডিভিশন অধিগ্রহণকৃত জমির গেজেট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। অবৈধদখলদার উচ্ছেদ বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ উপ-বিভাগীয় প্রকৌশলী ও প্রশাসনিক কর্মকর্তাগণ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা নিবেন। | (খ) নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকের সহিত আলোচনা করে অধিগ্রহণকৃত জমির মৌজার গেজেট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। | সদস্য (ভূমি) ও নির্বাহী প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট) সকল। |
| ০৮ | কর্তৃপক্ষে চলমান বিভাগীয় মামলা | কর্তৃপক্ষে বর্তমানে ০৩ (তিন) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। সকল বিভাগীয় মামলার বিষয়ে একটি রেজিষ্টার সংরক্ষণসহ তথ্য হালনাগাদ করা হচ্ছে। চলমান মামলাটি দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। | বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ) “পরিশিষ্ট-জ” |
| ০৯ | কর্তৃপক্ষের অভ্যন্তরীণ প্রশিক্ষণ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে মর্মে সভায় অবহিত করা হয় এবং আবারো প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন বলে সভায় মতামত প্রদান করা হয়। কর্তৃপক্ষের অভ্যন্তরীণ প্রশিক্ষণ শিডিউল প্রস্তুতপূর্বক প্রতি মাসে নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী চলমান রাখা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়।<br>নথি ব্যবস্থাপনা, ভূমি ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালনা, অডিট আপত্তি নিষ্পত্তিকরণ বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | কর্মচারীদের অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গাড়ী চালক, ডেসপাস রাইডার, বার্তা বাহক, শিকল বাহক, অফিস সহায়ক এবং গার্ডদেরও প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারী গণকে প্রশিক্ষণ দেয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত নেয়া হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ) |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০ | জাগৃক এর সকল প্লট ও ফ্ল্যাট প্রকল্পের রাজস্ব আদায়ের হালনাগাদ বিবরণী | প্রতি মাসে মাসিক সমন্বয় সভার পূর্বে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রাজস্ব সংক্রান্ত বিষয়সমূহ নিয়ে কর্তৃপক্ষের চেয়ারম্যান, সদস্য (সকল), নির্বাহী প্রকৌশলী (সকল), উপ-পরিচালক (সকল), প্রশাসনিক কর্মকর্তা (সকল) এবং বিভাগীয় হিসাবরক্ষক (সকল) এর উপস্থিতিতে একটি রাজস্ব সংক্রান্ত সভার বিষয়ে সভায় আলোচনা করা হয়। রাজস্ব সংক্রান্ত সভার সারাংশটুকু পরবর্তীতে মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হবে। | মাসিক সমন্বয় সভার পূর্বে প্রতি মাসে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রাজস্ব সংক্রান্ত বিষয়ে সভার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ ভূমি শাখা/ সকল প্রশাসনিক কর্মকর্তা। “পরিশিষ্ট-ঝ” |
| ১১ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চলমান সকল প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন সংক্রান্ত | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চলমান সকল প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদনের তথ্য ছক মোতাবেক প্রেরণের জন্য সকল নির্বাহী প্রকৌশলীদের নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পগুলোর অগ্রগতি সম্পর্কে কর্তৃপক্ষকে নিয়মিত অবহিত করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সর্তক ভূমিকা রাখতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ছক অনুযায়ী নির্বাহী প্রকৌশলীগণ মাসের ০৫(পাঁচ) তারিখের মধ্যে তথ্য প্রেরণ করবেন। | কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী “পরিশিষ্ট-ঞ” |
| ১২ | অবৈধ রিয়েল এস্টেট ডেভেলপারের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থার তথ্য সংক্রান্ত | রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় অনুমোদন ব্যতিত দেশের কোথাও কোন ডেভেলপার প্রতিষ্ঠান অবৈধভাবে কোন রিয়েল এস্টেট ব্যবসা/কার্যক্রম পরিচালনা করছে কিনা এ বিষয়ে নির্বাহী প্রকৌশলীগণ স্ব-স্ব এলাকা অনুসন্ধান/ পরিদর্শন করে কর্তৃপক্ষের নিকট নিয়মিত মাসিক প্রতিবেদন পেশ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | কোনরূপ অবৈধ রিয়েল এস্টেট ব্যবসা কার্যক্রম পরিলক্ষিত হলে প্রয়োজনে ম্যাজিস্ট্রেট এর উপস্থিতিতে মোবাইল কোর্টের পরিচালনার মাধ্যমে অবৈধ বিলবোর্ড/ বিজ্ঞাপন সম্বলিত সাইনবোর্ড অপসারণ ও বিধিমোতাবেক জরিমানা আরোপ এর ব্যবস্থা গ্রহণ করবেন এবং কর্তৃপক্ষকে নিয়মিত নির্ধারিত ছকের মাধ্যমে প্রতিবেদন পেশ করবেন। | কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী। “পরিশিষ্ট-ট” |
| ১৩ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অবৈধ দখলকৃত জমি উচ্ছেদ সংক্রান্ত | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অবৈধ দখলকৃত জমি উচ্ছেদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | অবৈধ দখল উচ্ছেদ এবং বিধিমালার ব্যত্যয় করে নির্মিত ভবন/ ভবনের অংশবিশেষ অপসারণ করতে হবে। নির্বাহী প্রকৌশলীগণ তাঁর আওতাধীন পূর্ববর্তী মাসের উচ্ছেদ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় পেশ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ১৪ | বৃক্ষ রোপণের অগ্রগতি | সরকারের নির্বাহী ইশতেহার এবং পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রদত্ত তথ্য অনুযায়ী বৃক্ষরোপণের বিষয়ে আলোচনা হয়। নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন ০২/০৬/২০২৬ খ্রি. তারিখে ১০০০০ টি, নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখে ১০০০০ টি, নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন ২২/০৬/২০২৬ খ্রি. তারিখে ৫০০০ টি, নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন ২৯/০৬/২০২৬ খ্রি. তারিখে ৫০০০ টি, নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখে ৫০০০ টি, নির্বাহী প্রকৌশলী, ঢাকা | কর্তৃপক্ষের সকল দপ্তর/শাখা হতে প্রতি মাসের সমন্বয় সভার অগ্রগতি প্রতিবেদনের সাথে বৃক্ষরোপণের অগ্রগতির তথ্য ০৫(পাঁচ) তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী (সকল) “পরিশিষ্ট-ঠ” |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ডিভিশন -১, ১২/০৭/২০২৬ খ্রি. তারিখে ৫০০০ টি, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, ১৫/০৭/২০২৬ খ্রি. তারিখে ৫০০০ টি, নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, ২০/০৭/২০২৬ খ্রি. তারিখে ৫০০০ টি সহ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে মোট ৫০,০০০ বৃক্ষ রোপন করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | | |
| ১৫ | সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) | সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS) এর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কর্তৃপক্ষের সকল দপ্তর/শাখা হতে প্রতি মাসের সমন্বয় সভার অগ্রগতি প্রতিবেদনের সাথে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS) এর বাস্তবায়ন অগ্রগতির তথ্য দিতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| ১৬ | বিবিধ-১: ডিজিটাল হাজিরা | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়সহ সকল ডিভিশন/দপ্তর/শাখায় ডিজিটাল হাজিরা ডিভাইস স্থাপন করা হয়েছে। কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে প্রবেশ ও প্রস্থানের সময় ডিজিটাল হাজিরা প্রদান করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | সভায় আলোচনা শেষে নিম্নরূপ ০২(দুই)টি সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) সকাল ৯.০০টার পূর্বে অফিসে আসতে হবে এবং অফিস টাইম শেষে অফিস ত্যাগ করতে হবে। কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/ কর্মচারী অফিসে আসার সময় একবার এবং অফিস টাইম শেষে যাওয়ার সময় একবার ডিজিটাল ডিভাইসের মাধ্যমে হাজিরা দিতে হবে।<br>(খ) প্রতি মাসে সমন্বয় সভায় ডিজিটাল হাজিরার রিপোর্ট উপস্থাপন করা হবে। রিপোর্টে যারা অফিসে বিলম্বে উপস্থিত হবেন বা অনুমতি ব্যতিত অফিসে অনুস্থিত থাকবেন তাদের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | সদস্য (প্রশাসন ও অর্থ) |
| | বিবিধ-২: আর্থিক ক্ষমতা পুন:নির্ধারণ | আর্থিক ক্ষমতা পুন:নির্ধারণ সম্পর্কিত একটি মিটিং ৩০/০৪/২০২৬ খ্রি: তারিখ বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। | ৩০/০৪/২০২৬ খ্রি: তারিখে আর্থিক ক্ষমতা পুন:নির্ধারণ সম্পর্কিত মিটিং সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | সদস্য (প্রশাসন ও অর্থ) |
| | বিবিধ-৩: ভাউচার/ মাস্টার রুলে কর্মরত কর্মচারীদের তালিকা | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিভিন্ন দপ্তরে ভাউচার/মাস্টার রুলে কর্মরত কর্মচারীদের তালিকা প্রশাসন শাখায় আগামী ০১/০২/২০২৬ খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট সকল নির্বাহী প্রকৌশলীগণকে তাঁদের অধীনস্ত ভাউচার/মাস্টার রুলে কর্মরত কর্মচারীদের তালিকা আগামী ০১/০৩/২০২৬ খ্রি: তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| | বিবিধ-৪: বদলীকৃত স্টাফদের স্ব-স্ব কার্যক্ষেত্রে অবস্থান | ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনেক কর্মকর্তা/ কর্মচারীকে প্রধান কার্যালয় হতে বিভিন্ন ডিভিশনে বদলী করা হলেও বদলীকৃত কর্মস্থলে না গিয়ে প্রধান কার্যালয়ে অবস্থান করেন। এ বিষয়ে চেয়ারম্যান মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। | দপ্তর প্রধানের অনুমতি ছাড়া কোন কর্মকর্তা/কর্মচারীকে যদি প্রধান কার্যালয়ে দৃশ্যমান হন তাহলে দপ্তর প্রধানসহ উক্ত কর্মকর্তা/ কর্মচারীকে কারণ দর্শানোর বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উক্ত কর্মকর্তা/কর্মচারী যদি তার দপ্তর প্রধানের অনুমতি ছাড়া প্রধান কার্যালয়ে দেখা যায় তাহলে নির্বাহী প্রকৌশলীসহ উক্ত কর্মকর্তা/ কর্মচারী কে কারণ দর্শানোর নোটিশ প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | | |
| | বিবিধ-৫:<br>নলসিটি | খুলনা ডিভিশনের অন্তর্ভুক্ত বরিশালের নলসিটি প্রকল্প সংলগ্ন সাইন পরিদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়। | সাইট পরিদর্শক কমিটি খুলনা ডিভিশনের অন্তর্ভূক্ত বরিশালের নলসিটি প্রকল্প সংলগ্ন সাইট গত ০৯/০৪/২০২৬ খ্রি: তারিখে পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট ডিভিশনে নির্দেশনা প্রদান করা হয়েছে। | সাইট পরিদর্শক কমিটি |
| | বিবিধ-৬:<br>অফিসে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত | মন্ত্রিপরিষদ বিভাগের ২ মার্চ ২০২৬ খ্রি: তারিখের পরিপত্রে বলা হয়েছে "সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের নির্ধারিত সময়ে নিজ দপ্তরে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা বাধ্যতামূলক" এবং সকল কর্মকর্তা/ কর্মচারী প্রতিদিন সকাল ৯.০০টা থেকে ৯.৪০টা মিনিট পর্যন্ত আবশ্যিকভাবে নিজ অফিস কক্ষে অবস্থান করবেন বলে উক্ত পরিপত্রের মাধ্যমে জানানো হয়।<br>চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এই পরিপত্রে আলোকে সভায় নির্দেশনা দেন, মাননীয় প্রধানমন্ত্রী যেহেতু সকাল ৯টার আগে অফিসে আসেন বিধায় আমাদের সকলের মাননীয় প্রধানমন্ত্রীকে অনুসরণ করে অফিসে সকাল ৯.০০ টায় উপস্থিত থাকতে হবে। | সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত ০২(দুই) টি গৃহীত হয়ঃ<br>১। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারী সকাল ৯.০০টার আগে অফিসে/কর্মস্থলে অবশ্যই উপস্থিত থাকতে হবে।<br>২। সকাল ৯.০০টা হতে ৯.৪০টা পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে অফিস/ কর্মস্থলে উপস্থিত থাকতে হবে। | সদস্য (প্রশাসন ও অর্থ) এবং সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সকল |
| | বিবিধ-৭:<br>জাগৃক এর সকল জি.ও, অফিস আদেশ, বদলী, পদায়ন, পদোন্নতি, নিয়োগ, নোটিশ ইত্যাদি আদেশগুলো ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত | বর্তমানে বিভিন্ন মন্ত্রণালয়, বিশেষ করে জনপ্রশাসন মন্ত্রণালয় তাদের সকল জি.ও, অফিস আদেশ, বদলী, পদায়ন, পদোন্নতি, নিয়োগ, নোটিশ ইত্যাদি আদেশগুলো ওয়েবসাইটে প্রকাশ করে থাকে। এখন আর লিখিত চিঠি/কাগজ প্রদান করা হয় না। একই ভাবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তাদের সকল জি.ও, অফিস আদেশ, বদলী, পদায়ন, পদোন্নতি, নিয়োগ, নোটিশ ইত্যাদি আদেশগুলো ওয়েবসাইটে প্রকাশ করে ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে whatsapp বা মোবাইল ফোনে জানানো হলেও তারা অনেক সময় প্রাপ্তি স্বীকার করেন না এবং জানান যে তিনি সংশ্লিষ্ট তথ্য পান নি। এতে করে অনেক জটিলতার সৃষ্টি হয় মর্মে সভায় আলোচনা করা হয়। | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জি.ও, অফিস আদেশ, বদলী, পদায়ন, পদোন্নতি, নিয়োগ সংক্রান্ত আদেশ, নোটিশ ইত্যাদি ওয়েবসাইটে প্রকাশের তারিখ হতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ইহা পেয়েছেন/অবগত হয়েছেন বলে গণ্য হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪।৭।২৩

(মোসা: ফেরদৌসী বেগম)
চেয়ারম্যান (অঃদাঃ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
E-mail: chairman@nha.gov.bd
ফোন নং-২২৩৩৮২৭৬২

## পরিশিষ্ট-ক

### জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের এপ্রিল/২০২৬ মাসের ডি-নথির তথ্য:

| ক্র: নং | দপ্তর/সংস্থার নাম | শুধুমাত্র হার্ড ফাইলে নোট নিষ্পত্তির সংখ্যা | ডি-নথিতে নোট নিষ্পত্তির সংখ্যা | সর্বমোট নোট নিষ্পত্তির সংখ্যা (৩+৪) | ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির শতকরা হার (৪*১০০/৫) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | জাগৃক | ৫৮ | ৭১৫ | ৭৭৩ | ৯২.৫০% | |

## পরিশিষ্ট-খ

### এপ্রিল/২০২৬ মাসের পেন্ডিং নথির বিবরণী

| ক্রমিক নং | দপ্তর | গত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত পেন্ডিং নথির সংখ্যা | বর্তমান মাসে আগত নথির সংখ্যা | বর্তমান মাসে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা | মোট পেন্ডিং নথির সংখ্যা | ০১ (এক) মাসের উর্ধ্বে পেন্ডিং নথির সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রশাসন ও প্রশিক্ষণ শাখা | ১০ | ৫৫ | ৬০ | ০৫ | নাই |
| ২ | অর্থ ও হিসাব শাখা | ৫৪ | ১৭১ | ১৯৬ | ১৭০ | ২৬ |
| ৩ | সমন্বয় ও উন্নয়ন শাখা | ০৯ | ৪৫ | ৩৪ | ৩৮ | -- |
| ৪ | ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা | -- | -- | -- | -- | -- |
| ৫ | স্থাপত্য শাখা | ০০ | ২০ | ২০ | ২০ | ০০ |
| ৬ | পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন | ১০ | ৩৫ | ৩২ | ১৩ | -- |
| ৭ | ই/এম ডিভিশন | নাই | ২৯ | ২৭ | ০২ | নাই |
| ৮ | কম্পিউটার সেল | নাই | ০৫ | ০৫ | নাই | নাই |
| ৯ | আইন কোষ | ১৬২ | ০৬ | ১২ | ১৫৬ | -- |
| ১০ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | ১৪৩ | ৩৪ | ৪৬ | ১৩১ | -- |
| ১১ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | ০২ | ২০ | ১৫ | ০৭ | -- |
| ১২ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ৩১ | ৩৩ | ৬০ | ৬৪ | ০৪ |
| ১৩ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্টগ্রাম | ৩৬ | ৭০ | ১০০ | ০৬ | -- |
| ১৪ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | ৭৫ | ১২৫ | ৮৮ | ৩৭ | -- |
| ১৫ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | ১২ | ৭৩ | ৬১ | ৬৫ | ০৮ |
| ১৬ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | -- | -- | -- | -- | -- |
| ১৭ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | ১৩ | ৭২ | ৬২ | ৬২ | ০৪ |

## পরিশিষ্ট-গ

### কিস্তি আদায়ের ডিজিটাল অ্যাপ প্রস্তুতকরণ সংক্রান্ত কমিটি

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটির পদমর্যাদা |
|---|---|---|
| ০১ | পরিচালক (প্রশাসন ও অর্থ) | সভাপতি |
| ০২ | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী | সদস্য |
| ০৩ | প্রোগ্রামার (কম্পিউটার সেল) | সদস্য সচিব |

**বি:দ্র:** প্রয়োজনে কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে।

## পরিশিষ্ট-ঘ

### জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ঢাকাস্থ স্টাফ কোয়ার্টারে অবৈধভাবে বসবাসকারীদের নামের তালিকা ও অদ্যবধি বকেয়ার পরিমাণঃ

| ক্রঃ নং | বসবাসকারীর নাম | বাসার নম্বর | মার্চ/২০২৬ পর্যন্ত বকেয়ার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | | | | |
| ০৩ | | | | |

## পরিশিষ্ট-ঙ

### জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সম্পত্তি নিয়ে বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহের "এপ্রিল/২০২৬" মাসের বিবরণী :

| ক্র: নং | দপ্তর/ সংস্থার নাম | পূর্ববর্তী মাসের মামলার সংখ্যা | বর্তমান মাসে উৎপত্তি | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকারের পক্ষে রায় | সরকারের বিপক্ষে রায় | অনিষ্পন্ন মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলার প্রকৃতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | জমি/ বাসা/ সম্পত্তি | চাকুরী সংক্রান্ত | অননুমোদিত নির্মাণ সংক্রান্ত | অন্যান্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | জাগৃক | ২০৪৪ | ০৮ | ০০ | ০০ | ০০ | ২০৫২ | ২০০১ | ০৪ | ০০ | ৪৭ (আদালত অবমাননা) |

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন বিচারাধীন মামলাসমূহের তথ্য "এপ্রিল-২০২৬":

| ক্রমিক নং | ডিভিশনের নাম | নিম্ন আদালত | হাইকোর্ট ডিভিশন | | | | অ্যাপিলেট ডিভিশন | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | রীট পিটিশন | কনটেম্পট পিটিশন | সিভিল রিভিশন | অ্যাপীল | | |
| ১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | ৪৭৯ | ১৮২ | ১১ | ১১ | ০২ | ২২ | ৭০৭ |
| ২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | ২০৪ | ১০৮ | ০৯ | ০৬ | ০১ | ১৫ | ৩৪৩ |
| ৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ২৯৪ | ৯৭ | ১০ | ০৯ | ০১ | ০৮ | ৪১৯ |
| ৪ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্টগ্রাম | ১৩৯ | ১২৩ | ১০ | ০৮ | ০১ | ১০ | ২৯১ |
| ৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | ৬৯ | ৩২ | ০১ | ০৫ | ০০ | ০২ | ১০৯ |
| ৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | ৫৫ | ১৬ | ০২ | ০২ | ০০ | ০১ | ৭৬ |
| ৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | ১৯ | ০৯ | ০১ | ০১ | ০০ | ০২ | ৩২ |
| ৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | ৫০ | ১৬ | ০৩ | ০২ | ০০ | ০৪ | ৭৫ |
| সর্বমোট = | | ১৩০৯ | ৫৮৩ | ৪৭ | ৪৪ | ০৫ | ৬৪ | ২০৫২ |

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অতি গুরুত্বপূর্ণ মামলা সমূহের তালিকা:

| ক্র. নং | মামলা নং | আদালতের নাম | মামলার বিবরণ | বর্তমান অবস্থা | উকিলের নাম | পরবর্তী তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১। | রীট পিটিশন নং-২১৮১২/২০২৫ | Main Building Court No. 23 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর ঢাকা ডিভিশন-১ কর্তৃক আহ্বানকৃত টেন্ডারের প্রসপেক্টাসে বিক্রির জন্য তৈরীকৃত তালিকায় সেকশন-২, ব্লক-ডি, মেইন রোড নং-২ এর ৭৫ নং বাণিজ্যিক প্লটটি কর্তন করে প্লটের বরাদ্দ প্রাপ্ত ও দখলপত্র গ্রহীতা শেখ নাজমুল হকের নামে ৯৯ (নিরানব্বই) বছরের জন্য লীজ দলিল সম্পাদনের প্রার্থনায় মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-২১৮১২/২০২৫ করেন। | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। | জনাব মোঃ শহিদুল ইসলাম | ০৪/০৩/২০২৬ তারিখে শুনানীর কার্য তালিকায় আসে নাই। |
| ২। | রীট পিটিশন নং-৮৩৬৭/২০১১ | Annex Building Court No. 24 | জাগৃকের আওতাধীন মিরপুরস্থ সেকশন-১, ব্লক-জি, চিড়িয়াখানা রোডস্থ ২৫ নং বাণিজ্যিক প্লটটি বরাদ্দ গ্রহীতা দাবী করে ১ম কিস্তির টাকা পরিশোধিত হওয়ায় অবশিষ্ট কিস্তির টাকা জমাদানের অনুমতি প্রদানসহ লীজ দলিল দলিল রেজিস্ট্রির প্রার্থনায় বরাদ্দ গ্রহীতা দাবীদার জনাব মো: ইমাম হোসেন নাসিম এর পক্ষে আম-মোক্তার গ্রহীতা জনাব মাকসুদা হোসেন পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-৮৩৬৭/২০১১ দায়ের করেন। | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। | জনাব মোহাম্মদ আহসানুজ্জামান | ০৩/০৭/২০২৫ তারিখে ০১ (এক) বৎসরের জন্য স্থিতাবস্থার আদেশ প্রাপ্ত হন। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩। | রীট পিটিশন নং-৮৫২৪/২০১১ | Main Building Court No. 21 | জাগৃকের আওতাধীন মিরপুরস্থ সেকশন-১, ব্লক-জি, চিড়িয়াখানা রোডস্থ ২৬ নং বাণিজ্যিক প্লটটি বরাদ্দ গ্রহীতা দাবী করে ১ম কিস্তির টাকা পরিশোধিত হওয়ায় অবশিষ্ট কিস্তির টাকা জমাদানের অনুমতি প্রদানসহ লীজ দলিল দলিল রেজিস্ট্রির প্রার্থনায় বরাদ্দ গ্রহীতা দাবীদার জনাব মো: ইমাম হোসেন নাসিম এর পক্ষে আম-মোক্তার গ্রহীতা জনাব মাকসুদা হোসেন পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-৮৫২৪/২০১১ দায়ের করেন। | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। | জনাব মোহাম্মদ আহসানুজ্জামান | ০৫/০৬/২০১৪ তারিখের পর আর শুনানীর কার্য তালিকায় আসে নাই। |
| ৪। | রীট পিটিশন নং-২০৯৪৫/২০২৫ | Annex Building Court No. 34 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন ঢাকার মিরপুরস্থ সেকশন-৬, ব্লক-ক, রোড নং-১ এর ১৭ নং বাণিজ্যিক প্লটটি অপেন টেন্ডারের মাধ্যমে বরাদ্দের উদ্দেশ্যে বিগত ১১/১১/২০২৫ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশের বিরুদ্ধে জনাব রাশিদা বেগম পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-২০৯৪৫/২০২৫ দায়ের করেন। | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। | জনাব মোহাম্মদ আহসানুজ্জামান | ১৪/১২/২৫ তারিখের পর আর শুনানীর কার্য তালিকায় আসে নাই। |
| ৫। | রীট পিটিশন নং-২০৯৪৮/২০২৫ | Annex Building Court No. 34 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন ঢাকার মিরপুরস্থ সেকশন-৬, ব্লক-ক, রোড নং-১ এর ১৭ নং বাণিজ্যিক প্লটটি অপেন টেন্ডারের মাধ্যমে বরাদ্দের উদ্দেশ্যে বিগত ১১/১১/২০২৫ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশের বিরুদ্ধে জনাব আব্দুর রশিদ পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-২০৯৪৮/২০২৫ দায়ের করেন। | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। | জনাব মোহাম্মদ আহসানুজ্জামান | ১৪/১২/২৫ তারিখের পর আর শুনানীর কার্য তালিকায় আসে নাই। |

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কম গুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকা:

| ক্র. নং | মামলা নং | আদালতের নাম | মামলার বিবরণ | বর্তমান অবস্থা | উকিলের নাম | পরবর্তী তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১। | রীট পিটিশন নং-২০৯৯৬/২০২৫ | Main Building Court No. 14 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীনন মিরপুরস্থ সেকশন-২, ব্লক-ডি, মেইন রোড নং-২ এর ৭৬ নং বাণিজ্যিকি প্লটটি তারিখে টেন্ডারের মাধ্যমে সর্বোচ্চ দরদাতার নিকট বরাদ্দের উদ্দেশ্যে বিগত ১১/১১/২০২৫ তারিখে "দৈনিক যুগান্তর পত্রিকায়" প্রকাশ হয়। উক্ত টেন্ডারকে চ্যালেঞ্জ করে জনাব ইউসুফ মিয়া পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-২০৯৯৬/২০২৫ দায়ের করেন। | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। | জনাব মোঃ শহিদুল ইসলাম | ১৪/১২/২৫ তারিখের পর আর শুনানীর কার্য তালিকায় আসে নাই। |
| ২। | রীট পিটিশন নং-৮৮২০/২০০৬ | Main Building Court No. 23 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন মিরপুরস্থ সেকশন-৬, ব্লক-ক, মেইন রোড এর ২ নং প্লটটি স্মারক নং-এম.পি-১৪৫৭/৯৩/২১৫২/ক,সে, তারিখ: ২২/০৩/১৯৯৪ এর বরাদ্দ পত্রের ধারাবাহিকতায় বর্ণিত প্লটটির বাস্তব দখলের প্রার্থনায় জনাব মোঃ পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-৮৮২০/২০০৬ দায়ের করেন। | আলোচ্য রীটটি বর্তমানে বিচারাধীন। আলোচ্য রীটে জাগৃকের পক্ষ থেকে মহামান্য আদালতে Affidavit-in-Opposition দাখিল করার স্বার্থে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করা হয়েছে। | জনাব হারুন-উর-রশিদ | ০২/০৭/২৪ তারিখের পর আর কার্য শুনানীর তালিকায় আসে নাই। |
| ৩। | রীট পিটিশন নং-৮৮২১/২০০৬ | Main Building Court No. 30 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন মিরপুরস্থ সেকশন-৬, ব্লক-ক, মেইন রোড এর ১ নং প্লটটি স্মারক নং-এম.পি-৭৫৩/৯১/২১৫৩/ক,সে, তারিখ: ২২/০৩/১৯৯৪ এর বরাদ্দ পত্রের ধারাবাহিকতায় বর্ণিত প্লটটির বাস্তব দখলের প্রার্থনায় জনাব মোঃ ইসমাইল হোসেন পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-৮৮২১/২০০৬ দায়ের করেন। | আলোচ্য রীটটি বর্তমানে বিচারাধীন। আলোচ্য রীটে জাগৃকের পক্ষ থেকে মহামান্য আদালতে Affidavit-in-Opposition দাখিল করার স্বার্থে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করা হয়েছে। | জনাব হারুন-উর-রশিদ | ০৭/০১/২৪ তারিখের পর আর শুনানীর কার্য তালিকায় আসে নাই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪। | রীট পিটিশন নং-৮৮২২/২০০৬ | Main Building Court No. 23 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন মিরপুরস্থ সেকশন-৬, ব্লক-ক, মেইন রোড এর ৩ নং প্লটটি স্মারক নং-এম.পি-১৪৫৫/৯৩/২১৫১/ক,সে, তারিখ: ২২/০৩/১৯৯৪ এর বরাদ্দ পত্রের ধারাবাহিকতায় বর্ণিত প্লটটির বাস্তব দখলের প্রার্থনায় জনাব মোঃ ওসমান গণি পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-৮৮২২/২০০৬ দায়ের করেন। | আলোচ্য রীটটি বর্তমানে বিচারাধীন। আলোচ্য রীটে জাগৃকের পক্ষ থেকে মহামান্য আদালতে Affidavit-in-Opposition দাখিল করার স্বার্থে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করা হয়েছে। | জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন | ০২/০৭/২৪ তারিখের পর আর শুনানীর কার্য তালিকায় আসে নাই। |
| ৫। | রীট পিটিশন নং-৮৮৪২/২০০৬ | Main Building Court No. 23 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন মিরপুরস্থ সেকশন-৬, ব্লক-ক, মেইন রোড এর ৪ নং প্লটটি স্মারক নং-এম.পি-৫৫০/৮৩/২৫৬৫/ক,সে, তারিখ: ১২/০৪/১৯৯৪ এর বরাদ্দ পত্রের ধারাবাহিকতায় বর্ণিত প্লটটির বাস্তব দখলের প্রার্থনায় জনাব মোঃ হাফিজ উদ্দিন টুলু পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-৮৮৪২/২০০৬ দায়ের করেন। | আলোচ্য রীটটি বর্তমানে বিচারাধীন। আলোচ্য রীটে জাগৃকের পক্ষ থেকে মহামান্য আদালতে Affidavit-in-Opposition দাখিল করার স্বার্থে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করা হয়েছে। | জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন | ০২/০৭/২৪ তারিখের পর আর শুনানীর কার্য তালিকায় আসে নাই। |

## গৃহায়ন ধানমন্ডি প্রকল্প এবং চট্টগ্রামস্থ কমার্শিয়াল কাম-আবাসিক ফ্ল্যাট নির্মাণ সংক্রান্ত বিষয়ে মামলার সর্বশেষ পরিস্থিতির সার-সংক্ষেপ

| ক্রমিক | মামলার নম্বর | সংশ্লিষ্ট আদালতের নাম/কোর্ট নম্বর | রিট পিটিশনার/ সরকারের প্রতিপক্ষের নাম-ঠিকানা | মামলাভুক্ত সংশ্লিষ্ট/ মুখ্য দপ্তর-সংস্থার নাম | জাগৃক পক্ষে নিয়োজিত আইনজীবীর নাম | বিষয় (সংক্ষেপে) | মামলার সর্বশেষ অবস্থা | সরকার-পক্ষে জবাব প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | রীট পিটিশন নং-৩৯৫০/২০১৮ | Main Building Court No. 10 [Justice Md. Rezaul Hasan, Justice Urmee Rahman] | জনাবা নিলুফার সুলতানা | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | অমিত তালুকদার | জাগৃক থেকে পরিত্যক্ত বাড়ী নং-১৩৯/এ (নীচ তলা পশ্চিমাংশ),পুরাতন, (নতুন-২৯),সড়ক নং-১, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকার উপর আবাসিক বহতল ভবন নির্মাণের উদ্দেশ্যে প্রজেক্ট বাস্তবায়নের স্বার্থে ভূমি অধিগ্রহণ করার জন্য ঢাকার জেলা প্রশাসকের কার্যালয় থেকে ঢাকার এল.এ কেইস নং-০১/২০১৭-২০১৮ এর কার্যধারা গ্রহণ করা হলে তার বিরুদ্ধে অত্র রীটটি আনয়ন করা হয়। | বিচারাধীন | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। আলোচ্য রীটে জাগৃকের পক্ষ থেকে মহামান্য আদালতে Affidavit-in-Oppositin দাখিল করা হয়েছে। | আলোচ্য রীটটি বর্ণিত আদালতে শুনানীর জন্য নিয়মিত কার্যতালিকায় আসছে। নিয়োজিত আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে যাতে রীটটি নিষ্পত্তি করা যায়। |
| ২। | সিভিল পিটিশন ফর লীভ-টু-আপীল (সিপিএলএ) নং-৯৬৯/২০১৮ | Court No. 1 | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | জনাব মো: হারুনুর রশীদ | অমিত তালুকদার | জাগৃক থেকে পরিত্যক্ত বাড়ী নং-১৮০/এ (পুরাতন), ৫৩ (নতুন) রোড নং-২০ (পুরাতন), ১০/এ (নতুন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকার উপর আবাসিক বহতল ভবন নির্মাণের উদ্দেশ্যে প্রজেক্ট বাস্তবায়নের স্বার্থে ভূমি অধিগ্রহণ করার জন্য ঢাকার জেলা প্রশাসকের কার্যালয় থেকে ঢাকার এল.এ কেইস নং-০৩/২০১৭-২০১৮ এর কার্যধারা | বিচারাধীন | | মহামান্য হাইকোর্ট ডিভিশনের রীট পিটিশন নং-১৪৩৮৯/২০১৭ এর বিগত ১১/০২/২০২৪ তারিখের Absolute in part রায়ের বিরুদ্ধে জাগৃক থেকে মহামান্য সুপ্রীম কোর্টের অ্যাপীলেট ডিভিশনে সিভিল পিটিশন ফর লীভ- |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | গ্রহণ করা হলে তার বিরুদ্ধে অত্র রীটটি আনয়ন করা হয়। | | | টু-আপীল (সিপিএলএ) নং-৯৬৯/২০১৮ দায়ের করেন। যা বর্তমানে বিচারাধীন রয়েছে। |
| ৩। | রীট পিটিশন নং-১১০৫১/ ২০১৭ | Main Building Court No. 10 [Justice Md. Rezaul Hasan, Justice Urmee Rahman] | জনাব এস. এম আনোয়ার হোসেন | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | অমিত তালুকদার | জাগৃক থেকে পরিত্যক্ত বাড়ী নং-৫৪০/বি (পুরাতন), ৩৮/বি (নতুন) সড়ক নং-১২ (পুরাতন), ৬/২ (নতুন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকার উপর আবাসিক বহতল ভবন নির্মাণের উদ্দেশ্যে প্রজেক্ট বাস্তবায়নের স্বার্থে ভূমি অধিগ্রহণ করার জন্য ঢাকার জেলা প্রশাসকের কার্যালয় থেকে ঢাকার এল.এ কেইস নং-০৪/২০১৭-২০১৮ এর কার্যধারা গ্রহণ করা হলে তার বিরুদ্ধে অত্র রীটটি আনয়ন করা হয়। | বিচারাধীন | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। আলোচ্য রীটে জাগৃকের পক্ষ থেকে মহামান্য আদালতে Affidavit-in-Opposition দাখিল করা হয়েছে। | আলোচ্য রীটটি বর্ণিত আদালতে শুনানীর জন্য নিয়মিত কার্যতালিকায় আসছে। নিয়োজিত আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে যাতে রীটটি নিস্পত্তি করা যায়। |
| ৪। | রীট পিটিশন নং-১৩৪৮৯/ ২০১৭ | Main Building Court No. 10 [Justice Md. Rezaul Hasan, Justice Urmee Rahman] | জনাবা মিসেস শাহার বানু | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | অমিত তালুকদার | জাগৃক থেকে পরিত্যক্ত বাড়ী নং-২৫২ (পুরাতন), ৭১ (নতুন), রোড নং-২২ (পুরাতন), ১২/এ (নতুন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকার উপর আবাসিক বহতল ভবন নির্মাণের উদ্দেশ্যে প্রজেক্ট বাস্তবায়নের স্বার্থে ভূমি অধিগ্রহণ করার জন্য ঢাকার জেলা প্রশাসকের কার্যালয় থেকে ঢাকার এল.এ কেইস নং-০৫/২০১৭-২০১৮ এর কার্যধারা গ্রহণ করা হলে তার বিরুদ্ধে অত্র রীটটি আনয়ন করা হয়। | বিচারাধীন | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। আলোচ্য রীটে জাগৃকের পক্ষ থেকে মহমান্য আদালতে Affidavit-in-Oppositin দাখিল করা হয়েছে। | আলোচ্য রীটটি বর্ণিত আদালতে শুনানীর জন্য নিয়মিত কার্যতালিকায় আসছে। নিয়োজিত আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে যাতে রীটটি নিস্পত্তি করা যায়। |
| ৫। | রীট পিটিশন নং-৯৮৬৩/ ২০২১ | Annex Building Court No. 24 [Justice Fatema Najib, Justice Sikder Mahmudur Razi] | জনাব রাশেদা বেগম (মৃত: মুক্তিযোদ্ধা জনাব মো: বাহাজ উদ্দিনের স্ত্রী) | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | মোঃ শহিদুল ইসলাম | জাগৃক থেকে পরিত্যক্ত বাড়ী নং-১২/৩, ব্লক, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকার উপর আবাসিক বহতল ভবন নির্মাণের উদ্দেশ্যে প্রজেক্ট বাস্তবায়নের স্বার্থে ভূমি অধিগ্রহণ করার জন্য ঢাকার জেলা প্রশাসকের কার্যালয় থেকে ঢাকার এল.এ কেইস নং-০৯/২০১৭-২০১৮ এর কার্যধারা গ্রহণ করা হলে তার বিরুদ্ধে অত্র রীটটি আনয়ন করা হয়। | বিচারাধীন | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। | আলোচ্য রীটটি বর্ণিত আদালতে শুনানীর জন্য নিয়মিত কার্যতালিকায় আসছে। নিয়োজিত আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে যাতে রীটটি নিস্পত্তি করা যায়। |
| ৬। | রীট পিটিশন নং-৬৪৫/২০ ১৮ | Main Building Court No. 7 [Jusice Md. Habibul Gani, Justice Sk. Tahsin Ali] | সৈয়দ নিফাসাত হোসেন | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | মোহাম্মদ ইসমাইল হোসেন | জাগৃক থেকে মোহাম্মদপুরস্থ আসাদ এভিনিউ, ব্লক-সি এর ৩৮/সি ও ৩৯/সি নং বাড়ীটি ঢাকার উপর আবাসিক বহতল ভবন নির্মাণের উদ্দেশ্যে প্রজেক্ট বাস্তবায়নের স্বার্থে ভূমি অধিগ্রহণ করার জন্য ঢাকার জেলা প্রশাসকের কার্যালয় থেকে ঢাকার এল.এ কেইস নং-০৮/২০১৭-২০১৮ এর কার্যধারা গ্রহণ করা হলে তার বিরুদ্ধে অত্র রীটটি আনয়ন করা হয়। | বিচারাধীন | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। আলোচ্য রীটে জাগৃকের পক্ষ থেকে মহমান্য আদালতে Affidavit-in-Opposition দাখিল করা হয়েছে। | আলোচ্য রীটটি বর্ণিত আদালতে শুনানীর জন্য নিয়মিত কার্যতালিকায় আসছে। নিয়োজিত আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে যাতে রীটটি নিস্পত্তি করা যায়। |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭। | রীট পিটিশন নং-১০৮০৫/২০২৩ | Annex Building Court No. 6 [Justice Sheikh Hassan Arif, Justice Md. Bazlur Rahman] | মো: তোজাম্মেল হক | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | মোহাম্মদ ইসমাইল হোসেন | জাগৃক থেকে পরিত্যক্ত বাড়ী নং-৬/২৪, ব্লক-বি, হমায়ুন রোড, মোহাম্মদপুর হাউজিং এস্টেট, ঢাকার উপর আবাসিক বহুতল ভবন নির্মাণের উদ্দেশ্যে প্রজেক্ট বাস্তবায়নের স্বার্থে ভূমি অধিগ্রহণ করার জন্য ঢাকার জেলা প্রশাসকের কার্যালয় থেকে ঢাকার এল.এ কেইস নং-১০/২০১৭-২০১৮ এর কার্যধারা গ্রহণ করা হলে তার বিরুদ্ধে অত্র রীটটি আনয়ন করা হয়। | বিচারাধীন | জাগৃক থেকে আইনজীবী নিয়োগ করে পরিচালনা করা হচ্ছে। | আলোচ্য রীটটি বর্ণিত আদালতে শুনানীর জন্য নিয়মিত কার্যতালিকায় আসছে। নিয়োজিত আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে যাতে রীটটি নিষ্পত্তি করা যায়। |

## পরিশিষ্ট-চ

## পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত কর্তৃপক্ষের অডিট আপত্তির ডিভিশন ভিত্তিক প্রতিবেদন নিম্নে বর্ণনা করা হলো:

| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অডিট আপত্তির তথ্য | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | দপ্তর/সংস্থা/দপ্তরের নাম | সাধারণ আপত্তি | জড়িত টাকা | অগ্রীম আপত্তি | জড়িত টাকা | খসড়া/ সাসপেন্স আপত্তি | জড়িত টাকা | মোট আপত্তি | মোট জড়িত টাকা (লক্ষ টাকায়) | হালনাগাদ তথ্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | |
| ১ | ঢাকা ডিভিশন-১ | ০৪ | ৯.৬৮ | ৩২ | ৫৯৯৯২.৮ | --- | --- | ৩৬ | ৬০০০২.৪৮ | |
| ২ | ঢাকা ডিভিশন-২ | ১০ | ৭০.৩৪ | ৪২ | ৩৩২৩.১৮ | ২ | ০.২ | ৫৪ | ৩৩৯৩.৭২ | |
| ৩ | মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ | ০৭ | ১৯৪৫.৪৮ | ৪০ | ১০৭০৭.৮ | --- | --- | ৪৭ | ১২৬৫৩.২৮ | |
| ৪ | ই/এম ডিভিশন | ০৩ | ৪৫.৪৮ | ০৯ | ৭০৭.৮ | --- | --- | ১২ | ৭৫৩.২৮ | |
| ৫ | সিলেট ডিভিশন | ১১ | ৩৯৩.১১ | ২৪ | ২০৭১.৩৮ | ১ | ০.৩ | ৩৬ | ২৪৬২.৭৮৯৯ | |
| ৬ | দিনাজপুর ডিভিশন | ১০ | ২৯৩.১১ | ১৫ | ৪০.১৭ | --- | --- | ২৫ | ৩৩৩.২৮ | |
| ৭ | রাজশাহী ডিভিশন | ১২ | ৬৪.০১ | ১৪ | ১১৬.৪২ | --- | --- | ২৬ | ১৮০.৪৩ | |
| ৮ | খুলনা ডিভিশন | ০৩ | ২.৩৫ | ২৬ | ৫৮৩.৮ | --- | --- | ২৯ | ৫৪৬.১৫ | |
| ৯ | চট্টগ্রাম ডিভিশন | ১৬ | ২৬৬.৮৭ | ২৯ | ৭২.১৮ | --- | --- | ৪৫ | ৩৩৯.০৫ | |
| ১০ | ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা | ১২ | ১৬৬.৮৭ | ১৪ | ৩৬.০৯ | --- | --- | ২৬ | ২০২.৯৬ | |
| ১১ | অর্থ ও হিসাব | ০৪ | ১০১.৪৮ | ১১ | ৪৮৩.৪৬ | --- | --- | ১৫ | ৫৮৪.৯৪ | |
| ১২ | প্রশাসন ও প্রশিক্ষণ | -- | --- | ০৫ | ৩.৫৫ | --- | --- | ০৫ | ৩.৫৫ | |
| ১৩ | চট্টগ্রাম সার্কেল | -- | --- | ০৪ | ৩৪.০৩ | --- | --- | ০৪ | ৩৪.০৩ | |
| ১৪ | ডুইপ ( ঢাকা শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প) | -- | --- | ০৫ | ৯৮.৯৫ | --- | --- | ০৫ | ৯৮.৯৫ | |
| ১৬ | মোট | ৯২ | | ২৭০ | | ৩ | ০.৫ | ৩৬৫ | ৮৩০৭৪৭৫.০৬ | |
| কথায়: তিরাশি লক্ষ সাত হাজার চারশত পঁচাত্তর টাকা মাত্র (লক্ষ টাকায়) | | | | | | | | | | |

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অডিট আপত্তিসমুহের মাসিক প্রতিবেদন :

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | পূর্ববর্তী মাসের অডিট আপত্তি | | বর্তমান মাসের অডিট আপত্তি | | মোট আপত্তির তথ্য | | গতমাসে প্রেরিত ব্রডশীট জবাব প্রেরিত | অনিষ্পন্ন ব্রডশীট জবাবের সংখ্যা | বর্তমান মাসে অডিট আপত্তির নিষ্পত্তি তথ্য | | স্থিতি সংক্রান্ত তথ্য | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা (৩+৫) | টাকার পরিমাণ | | | সংখ্যা | জড়িত টাকা | সাধারণ NON (SFI) আপত্তির সংখ্যা | (SFI) আপত্তির সংখ্যা | রিপোর্ট ভুক্ত আপত্তির সংখ্যা | মোট আপত্তির সংখ্যা (১১+১৩+১৪+১৫) | মোট টাকার পরিমাণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ০১ | জাগৃক | ৩৬৫ | ৮৩০৭৪৭৫.০৬ | ০০ | ০০ | ৩৬৫ | ৮৩০৭৪৭৫.০৬ | ০৬ | ৩৬৫ | ০০ | ০০ | ৭২ | ২৯০ | ০৩ | ৩৬৫ | ৮৩০৭৪৭৫.০৬ | |

## পরিশিষ্ট-ছ

## কর্তৃপক্ষের আওতাধীন জমি সংক্রান্ত বিবরণ :

| ডিভিশন | অধিগৃহীত জমির পরিমাণ (একর) | গেজেটভুক্ত জমির পরিমাণ (একর) | নামজারীকৃত জমির পরিমাণ (একর) | ভূমি উন্নয়ন কর প্রদানকৃত জমির পরিমাণ (একর) | বর্তমানে দখলকৃত জমির পরিমাণ (একর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | ৩৬১৫.৬৫ | ৩৫৭৬.১৫ | নামজারীর প্রস্তুতি হিসেবে প্যান্টাগ্রাফ জরিপ চলমান | | ৩৩৮০.৮০ | |
| নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | ৭১৭.৭৮০১ | ৭১৫.৭৮০১ | শিবচর-১০৪.০৫ | শিবচর-১০৪.০৫ | ৬৪৩.৭৮০১ | |
| নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ৬৯৩.৩০৭ | ৬১২.৮৫২ | ৫৭৭.৬৮৭ | লালমাটিয়া-৮.৮০৬২<br>মো: পুর-৬.৩৮৮১<br>টংগী দত্তপাড়া-৯৮.১৩<br>টাংগাইল-৩০.১৪<br>সর্বমোট- ১৪৩.৪৬৪৩ | ১১৫.৬২ | |
| নির্বাহী প্রকৌশলী, চট্রগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্রগ্রাম | ৯৪৭.৬৩ | ৮৯২.০৮ | ৯৪৭.৬৩ | ৮৮.৯৬৭ | ৯৪৭.৬৩ | ৫৫.৫৫ একর জমির গেজেট প্রকাশের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী এর দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। গেজেট প্রকাশের কাজ চলমান অধিকাংশ জমি লীজ প্রদান করায় লীজ গ্রহীতাগণ ভুমি উন্নয়ন কর প্রদান করছেন। কেবলমাত্র মাঠ, স্থাপনা, অবরাদ্ধকৃত জমির ভূমি উন্নয়ন কর কর্তৃপক্ষ প্রদান করেন। |
| নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | ১২২২.৪৭২৩ | ১১৩০.২৭২৩ | ১১৩০.২৭২৩ | ১১৩০.২৭২৩ | ১১৩০.২৭২৩ | ১। অবৈধ দখলে আছে ২৪.২১ একর জমি।<br>২। ৯২.২১ একর গেজেট বর্হিভূত জমি। |
| নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | ৫৯৫.৫৯ | ৫৩৫.৭৫৫ | ৫৩৫.৭৫৫ | ২১৫.৪৩ | ৫৮৪.৩৮ | ১। অবৈধ দখলে আছে ১১.২১ একর<br>২। গেজেট বহির্ভূত জমি ৫৯.৮৩৫ একর। |
| নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | ৩৭৭.২৮২৬ | ২৭২.৯৪৪৫ | ১৬৮.৩৭ | ৪৯.৩৪৭৩ (জুন/২০২৫) | ৩৭৭.২৮৬৫ | |
| নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | ৪৪৮.৩০ | ৪৩৪.৫০ | ২৯৬.৮৮৫৯ | ১৬.৩১৫২ | ৪২৪.২৫ | ১৩.৮০ একর জমির গেজেট প্রকাশিত হয় নাই। তবে উক্ত জমির মধ্যে ১১.৬৯ একর জমির গেজেট প্রকাশের জন্য বিভাগীয় কমিশনার রংপুর মহোদয়ের দপ্তর কর্তৃক ১২/০৩/২০২৬ তারিখে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন। |

## পরিশিষ্ট-জ

| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে চলমান ০৩টি বিভাগীয় মামলার তথ্য | | | |
|---|---|---|---|
| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | বিভাগীয় মামলার নম্বর | মন্তব্য |
| ০১ | জনাব মোহাম্মদ মোস্তফা কামাল<br>অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর | ০১/২০২৫ | চলমান আছে |
| ০২ | জনাব মো: রায়হান খন্দকার<br>হিসাব সহকারী | ০২/২০২৫ | চলমান আছে |
| ০৩ | জনাব মো: হাফিজ আল হোসেন<br>অফিস সহায়ক | ০৩/২০২৫ | চলমান আছে |

## পরিশিষ্ট-ঝ

### রাজস্ব আদায়ের তথ্য সম্বলিত ছক (লক্ষ টাকায়)

রাজস্ব সংক্রান্ত মিটিং গত ২২/০৪/২০২৬ খ্রি: তারিখ বুধবার অনুষ্ঠিত হয়েছে। যার সারাংশ এখনো পাওয়া যায়নি।

## পরিশিষ্ট-ঞ

### জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চলমান সকল প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন

| ক্র: নং | ডিভিশন | প্রকল্পের নাম | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | | | আর্থিক অগ্রগতি (%)/ লক্ষ টাকায় | ভৌত অগ্রগতি (%) | |
| ০১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | স্বপ্ন নগর (২য় পর্যায়) | ৪১.৫৬% | ৫০% | |
| ০২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | মিরপুর-১৬ আবাসিক ফ্ল্যাট | ৫৩.৪২% | ৪১.০০% | |
| | | গৃহায়ন ধানমন্ডি | ৩৩.৪৬% | ২৪.০০% | |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ঢাকাস্থ মোহাম্মদপুর হাউজিং এস্টেট | ২৯৭১.৬৩ | ৭৫% | |
| | | জাগৃক নিজেস্ব অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে ময়মনসিংহ জেলার সদর উপজেলার মধ্যম আয়ের মানুষের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প | ১৩৩৭.৪৫ | ৪৮% | |
| ০৪ | নির্বাহী প্রকৌশলী, চট্রগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্রগ্রাম | চট্রগ্রামস্থ ফিরোজশাহ ও হালিশহর হাউজিং এস্টেট ১০ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প | ৪১.৭৩% | ৮৭% | |
| | | চট্রগ্রাম জেলার মিরসরাই উপজেলার কিসমত জাফরাবাদ মৌজার সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৮৭% | ৩৫% | |
| | | চট্রগ্রাম হালিশহর হাউজিং এস্টেটের এ ব্লকে অত্যাধুনিক এনএইচএ মাল্টিপারপাস টাওয়ার নির্মাণ প্রকল্প | -- | ২৬% | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | নোয়াখালী জেলার মাইজদীতে (রেলওয়ে স্টেশন সংলগ্ন) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৫.৩৩% | ২৫% | |
| | | চট্টগ্রাম হালিশহর হাউজিং এস্টেটের জি ব্লকে আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প | -- | ২৬% | |
| ০৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | | | | |
| ০৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | | | | |
| ০৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | হবিগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৫০.৭৯% | ৫৭% | |
| ০৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | | | | |

## পরিশিষ্ট-ট

## অবৈধ রিয়েল এস্টেট ডেভেলপারের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থার তথ্য সংক্রান্ত

| ক্র: নং | অবৈধ রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানের নাম, প্রকল্পের নাম ও অবস্থান | মার্চ/২০২৬ মাসে গৃহীত ব্যবস্থা | | | চলতি অর্থবছরে ক্রমপুঞ্জিত গৃহীত ব্যবস্থা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | নোটিশ প্রদান | বিলবোর্ড/সাইন বোর্ড অপসারণ | জরিমানা আরোপ | নোটিশ প্রদান | বিলবোর্ড/সাইন বোর্ড অপসারণ | জরিমানা আরোপ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | --- | --- | --- | --- | --- | |
| ০২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | --- | --- | --- | -- | --- | |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | --- | --- | --- | --- | --- | |
| ০৪ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্টগ্রাম | --- | --- | --- | --- | --- | |
| ০৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | --- | --- | --- | --- | --- | |
| ০৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | --- | --- | --- | --- | --- | |
| ০৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | --- | --- | --- | --- | --- | |
| ০৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | --- | --- | --- | -- | --- | |

## পরিশিষ্ট-ঠ

## ............. /২০২৬ খ্রি: মাসের বৃক্ষ রোপনের অগ্রগতি প্রতিবেদন

| ক্রমিক নং | ডিভিশন | লক্ষ্যমাত্রা | বর্তমান মাসে রোপণকৃত বৃক্ষসংখ্যা | ক্রমপুঞ্জিভূত রোপণকৃত বৃক্ষসংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | ৫,০০০ | | |
| ০২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | ৫,০০০ | | |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ৫,০০০ | | |
| ০৪ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্টগ্রাম | ১০,০০০ | | |
| ০৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | ১০,০০০ | | |
| ০৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | ৫,০০০ | | |
| ০৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | ৫,০০০ | | |
| ০৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | ৫,০০০ | | |